Sanatan Dharma

জপ সমর্পণ পদ্ধতি

গুরু প্রদত্ত মন্ত্র আসনে বসে জপ সম্পূর্ণ করার পর ডান হাতের তালুতে জল নিয়ে নিচের মন্ত্র বলে জল মাটিতে বা কোন পূজা সম্বন্ধীয় পাত্রে ফেলতে হবে I

মন্ত্র:---- " ওঁ নমঃ গুহ্যতি গুহ্য গোপ্তাত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং ।
সিদ্ধি ভবতু-মে দেবে ত্বৎ প্রসাদাৎ জনার্দ্দন।।"
অর্থঃ :- হে পরম দেবে, পরমপ্রিয় কর্মফলদাতা ঈশ্বর তুমি গুহ্য ও অতি গুহ্য বস্তুকে রক্ষা কর। অতএব আমার এই জপ তুমি গ্রহন কর এবং হে দেবে তোমার প্রসাদে আমার সর্বসিদ্ধি লাভ হউক।

ক্ষমা প্রার্থনা মন্ত্রঃ- (বুকের কাছে দুই হাত জোড় করে নমস্কার এর মতন করে বলতে হবে)

"ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ ভবেৎ ।
পূর্ণং ভবতু ত্বৎ সর্বং ত্বৎ প্রসাদাৎ জনার্দ্দন ।।
মন্ত্র হীনং ক্রিয়া হীনং ভক্তিহীনং জনার্দ্দন ।
যৎ পূজিতং ময়া দেবে পরিপূর্ণং তদস্তুমে ।।"
অর্থঃ- আমার উক্ত কার্যে যদি কোন আচার বাদ যাইয়া থাকে বা মাত্রা বিবর্তিত থাকে হে ভগবান তোমার অনুগ্রহে তা পূর্নত্ব প্রাপ্ত হউক।

তারপর নিচের মন্ত্রটি বলতে হবে(বুকের কাছে দুই হাত জোড় করে নমস্কার এর মতন করে বলতে হবে)

" ওঁ প্রীয়তাং পুন্ডরীকাক্ষ সর্বযজ্ঞেশ্বর হরি
তস্মিন তুষ্ট জগৎ তুষ্ট প্রনতিে প্রণীতং জগৎ"
ওঁ বিষ্ণু ওঁ বিষ্ণু ওঁ বিষ্ণু-10 বার জপ করে শেষে করতে হবে